

প্রথম পাঠ

1. রোমান বর্ণমালার ২৬টি অক্ষরের মধ্যে ২২টি নেওয়া হয়েছে, বাদ গেছে q, w, x আর y; তবে ২২টির মধ্যে ৬টি অক্ষরের মাথায় চিহ্ন বসিয়ে নতুন অক্ষর সৃষ্টি করা হয়েছে। সেগুলি হলো—c̃, ġ, h̃, j̃, ð ও ũ। অতএব মোট দাঁড়ালো ২৮টি অক্ষর।

2. অক্ষর	অক্ষরের নাম	উচ্চারণ
a	আ	আ
b	বো	ব্
c	ৎসো	ৎস্
c̃	চো	চ্
d	দো	দ্
e	এ	এ
f	ফো	ফ্
g	গো	গ্
ġ	জো	জ্
h	হো	হ্
h̃	খো	খ্ ^২
i	ই	ই
j	ইয়ো	ই (অতি হ্রস্ব) ^৩

j	জো	জ্ ^৪
k	কো	ক্
l	লো	ল্
m	মো	ম্
n	নো	ন্
o	ও	ও ^৫
p	পো	প্
r	রো	র্
s	সো	স্ ^৬
ŝ	শো	শ্ ^৭
t	তো	ত্
u	উ	উ
ŭ	উয়ো	উ (অতি হ্রস্ব) ^৮
v	হো	হ্ ^৯
z	জো	জ্ ^{১০}

- 1) বাংলা 'ফ' নয়, ইংরাজী 'f' আসলে। ঠোঁটে ঠোঁট না ঠেকিয়ে, উপরের দাঁত নীচের ঠোঁটের ভিতর দিকে ঠেকিয়ে 'ফ' উচ্চারণের চেষ্টা করলে পাওয়া যাবে।
- 2) জিভটাকে ভিতরে ঢুকিয়ে 'খ' উচ্চারণ করলে অনেকটা আসবে। খুব মাথা ঘামিয়ে লাভ নেই, কারণ এটার ব্যবহার এসপেরান্তোয় অতি বিরল।
- 3) 'ঈ' বা 'য়ী'-র মতো লম্বা নয়, অতি হ্রস্ব। trajno বাংলায় লেখা যায় ত্রাইনো, কিন্তু traino লিখলে এসপেরান্তোয় তার উচ্চারণ হবে ত্রায়িনো।

- 4) 'জ' নয় আসলে। জিভটাকে ভিতরে ঢুকিয়ে 'জ' উচ্চারণ করলে যা হয়। ইংরাজী measure, pleasure ইত্যাদি শব্দে 's'-এর সঠিক উচ্চারণ এইটা।
- 5) আসলে উচ্চারণটা 'অ' আর 'ও'-র মাঝামাঝি। সুবিধার জন্য সর্বত্র ও-কার ব্যবহার করা হয়েছে এই বইয়ে।
- 6) 'স'-এর প্রকৃত উচ্চারণ, সংস্কৃত বা হিন্দীতে যা হয়। ইংরাজী 'see' শব্দের 's'-এর মতো।
- 7) 'শ'-এর প্রকৃত উচ্চারণ। ইংরাজী 'sh'-এর উচ্চারণ।
- 8) অনেকটা ইংরাজী 'w'-এর অনুরূপ। যেমন—antaŭ-আন্তাউ, ইংরাজী how-এর মতো।
- 9) বাংলা 'ভ' নয়, ইংরাজী 'v', অর্থাৎ জিভ গুটিয়ে ভ। অনেকটা 'হু'-এর মতো।
- 10) ইংরাজী 'z'-এর মতো।
3. বানান অনুসারে উচ্চারণ হবে সর্বদা, কোনো ব্যতিক্রম নেই। প্রতিটি ব্যঞ্জনবর্ণ ও স্বরবর্ণ স্পষ্ট উচ্চারণ করতে হবে। কোনো অক্ষর অনুচ্চারিত থাকবে না।

উচ্চারণের ঝাঁক (accent) পড়বে শব্দের সবশেষের স্বরবর্ণের আগের স্বরবর্ণটির উপর। এই উদ্দেশ্যে j ও ŭ-কে স্বরবর্ণ হিসাবে গণ্য করা হয় না।

দ্বিতীয় পাঠ

1. libro *(লিব্রো) বই/একটি বই	libroj (লিব্রোই) বইগুলি (সাধারণ অর্থে)
la libro (লা লিব্রো) বইটি	la libroj বইগুলি (বিশেষ অর্থে)
tablo (তাবলো) টেবিল	tabloj টেবিলগুলি (সাধারণ)
la tablo টেবিলটি	la tabloj টেবিলগুলি (বিশেষ)
floro (ফ্লোরো) ফুল	plumo (প্লুমো) কলম
arbo (আর্বো) গাছ	papero (পাপেরো) কাগজ
ĝardeno (জার্দেনো) বাগান	skatolo (স্কাতোলো) বাক্স

এগুলি সবই বিশেষ্য। সমস্ত বিশেষ্যপদ 'o' দিয়ে শেষ হয়, কোনো ব্যতিক্রম নেই।

2. mi (মি) আমি	ni (নি) আমরা
vi (হি) তুমি	vi তোমরা
li (লি) সে (পুরুষ)	ili (ইলি) তারা
ŝi (শি) সে (স্ত্রী)	ĝi (জি) এটা

3. esti (এস্তি) হওয়া/থাকা (ইংরাজী verb 'to be')	
diri (দিরি) বলা	stari (স্তারি) দাঁড়ানো
iri (ইরি) যাওয়া	sidi (সিদি) বসা
veni (হেনি) আসা	kuŝi (কুশি) শোওয়া
kuri (কুরি) দৌড়ানো	manĝi (মাঞ্জি) খাওয়া

এগুলি ক্রিয়া, অসমাপিকা ক্রিয়া সব সময়েই 'i' দিয়ে শেষ হয়।

* সর্বত্র ইংরাজী ছোটো হাতের অক্ষর ব্যবহারের বিষয়ে ভূমিকায় লেখা হয়েছে।

4. diri = dir (শব্দমূল) + i

diras (দিরাস) = dir (শব্দমূল) + as = বলি/বলো/বলে/বলছি/
বলছো/বলছে

mi diras আমি বলি/বলছি

vi sidas তুমি (তোমরা) বসো/বসছো/বসে আছো

li iras সে যায়/যাচ্ছে

ni estas আমরা হই/আছি

ili staras তারা দাঁড়ায়/দাঁড়াচ্ছে/দাঁড়িয়ে আছে

বর্তমানকালে শব্দমূলের শেষে সর্বদা 'as' যোগ হয়। আমি, তুমি, সে, আমরা, তারা, একবচন, বহুবচন—কিছুতেই ক্রিয়াপদের চেহারা বদলাচ্ছে না। তার উপর 'বলি' আর 'বলছি' অধিকাংশ ক্ষেত্রে একইভাবে প্রকাশিত হয়। তার মানে ধাতুরূপ মুখস্থ করবার ঝামেলা নেই।

4. ঠিক ঐরকম, 'is' যোগ করলে পাবো অতীতকাল, 'os' লাগালে ভবিষ্যৎ। একই রকম—'বলেছিলাম', 'বললাম', 'বলেছি' সাধারণতঃ একই রূপ, যেমন ভবিষ্যৎকালের ক্ষেত্রে 'বলবো' ও 'বলতে থাকবো'।

mi sidis আমি বসেছিলাম

ŝi manĝos সে (স্ত্রী) যাবে

vi kuŝis তুমি শুয়েছিলে

ni kuros আমরা দৌড়াবো

li estis সে ছিল

ili venos তারা আসবে

[vi শব্দে তুমি, তোমরা—দুই-ই বোঝায়। আলাদা করে প্রত্যেকবার 'তোমরা' আর লেখা হচ্ছে না।]

6. sur (সুর) উপরে

al (আল)-তে, কে, প্রতি (ইংরাজী to)

sub (সুব) নীচে

kaj (কাই) এবং/ও

en (এন) মধ্যে

sed (সেদ) কিন্তু

li sidas sur la seĝo (সেজো) সে চেয়ারে বসে